গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
www.acl.baliadangi.thakurgaon.gov.bd

স্মারক নং- ৩১.৫৫.৯৪০৮.০০০.০৫.০০১.২৫ - ২১৫ তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩১ / ১৯ ফেব্রুয়ারি ২০২৫

অর্পিত পুকুর ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালিয়াডাঙ্গী উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত অর্পিত পুকুর আগামী তারিখে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে বেলা ১১.০০ টার সময় শর্ত সাপেক্ষে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে বাংলা ১লা বৈশাখ ১৪৩২ সন হতে ৩০ চৈত্র ১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হবে। ধার্য তারিখে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ১ম দফায় ডাক হলে ২য় দফা হতে পুকুর বাদ পড়বে।

নিলাম ডাকের তারিখ

| ১ম দফা | ২য় দফা |
|---|---|
| ২৭/০২/২০২৫ | ১৩/০৩/২০২৫ |

| ক্রমিক নং | পুকুরের নাম | ইউনিয়ন | মৌজা | খতিয়ান নং | দাগনং | পরিমাণ (একরে) | ইজারার সন | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | দৌলা পুকুর | চাড়োল | পরদেশী পাড়া | ৪১২ | ৬৩৫ | ১.১৬ | ১৪৩২-১৪৩৪ | ৪০,০০০/- |
| ০২ | তারাঞ্জুবাড়ী পুকুর | আমজানখোর | তারাঞ্জুবাড়ী | ০২ | ২২২ | ০.৫১ | ১৪৩২-১৪৩৪ | ১৫,০০০/- |
| ০৩ | ঝাড় দৌলা পুকুর | বড়বাড়ী | বেলবাড়ী | ০৯ | ৬৬৩ | ১.৬১ | ১৪৩২-১৪৩৪ | ১,৫০,০০০/- |
| ০৪ | মলানী পুকুর | পাড়িয়া | বামুনিয়া | ০২ | ৮৪২ | ২.১৭ | ১৪৩২-১৪৩৪ | ২,০০,০০০/- |

শর্তাবলী:

১। প্রকাশ্য নিলাম ডাকের পূর্বে আগ্রহী ব্যক্তিগণকে জামানত হিসেবে ৩,০০০/- টাকা হতে ৫,০০০/- টাকা পর্যন্ত পুকুর অনুপাতে জমা প্রদান করে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
২। সর্বোচ্চ নিলাম ডাককারী হিসেবে গৃহীত হলে ডাকের সমুদয় টাকা তাৎক্ষণিকভাবে ভ্যাট ও আয়কর সহ জমা প্রদান করতে হবে। ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করে পুনরায় নিলামের ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩। সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ ডাককারীকে ডাক মূল্যের ১০% আয়কর এবং ১৫% ভ্যাট এর পরিবর্তন ঘটলে তা প্রদান করতে হবে।
৪। নিলাম ডাকগ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৫। লীজ গ্রহীতা জলমহালের পরিসীমা/চৌহদ্দী বজায় রাখবেন ও যথাযথভাবে সংরক্ষণ করবেন। কেহ যেন এ জলমহালে অনুপ্রবেশ বা বে-দখল না করে তা লীজ গ্রহীতা নিশ্চিত করবেন।
৬। লীজ গ্রহীতা জনস্বার্থ হানিকর কোন পানি দূষণ করতে পারবে না।
৭। প্রথম পক্ষ কর্তৃক সরকারি স্বার্থ প্রদত্ত যাবতীয় আদেশ নিষেধ পালন করতে লীজ গ্রহীতা বাধ্য থাকবেন।
৮। ইজারাকৃত জলাশয়ের /পুকুরের কোনরুপ শ্রেণি পরিবর্তন করা যাবে না।
৯। লীজ গ্রহীতা এই জলাশয়ের কোন অন্য কাহাকেও সাবলীজ প্রদান করতে পারবে না। এরুপ প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে লীজ বাতিল বলে গণ্য হবে এবং জামানতকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
১০। লীজ গ্রহীতা কোন অবস্থায় বদ্ধ জলাশয়ের অবকাঠামো পরিবর্তন করতে পারবেন না। জলাশয়ের পাড়ে কোনরুপ স্থায়ী অবকাঠামো,
১১। লীজ গ্রহীতা বদ্ধ জলাশয়ের সংস্কার করার প্রয়োজন মনে করলে কর্তৃপক্ষের লিখিত অনুমতি স্বাপেক্ষে করতে পারবেন।
১২। কর্তৃপক্ষ ইজারাকৃত জলাশয়ের উন্নয়ন পরিকল্পনার আওতায় সংস্কার করতে পারবেন। সরকারি স্বার্থে প্রয়োজন হলে মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই লীজ বাতিল করতে পারবেন।
১৩। লীজ গ্রহীতা চুক্তির মেয়াদ উত্তীর্ণের পর কোন অবস্থাতে মাছ ধারণ করতে পারবেন না এবং পুকুরের দখল ধরে রাখতে পারবেন না।
১৪। লীজ গ্রহীতা প্রচলিত আইনের অধীনে প্রদেয় বা আরোপযোগ্য কোন কর ইত্যাদি প্রদান / পরিশোধ করতে বাধ্য থাকবেন।
১৫। লীজ গ্রহীতা জলাশয়ের পাড়ে বিদ্যমান কোন বৃক্ষ বা ইজারা চুক্তি মেয়াদের মধ্যে রোপিত বৃক্ষের উপর দাবি বা অধিকার অর্জন করবেন না।
১৬। লীজ গ্রহীতা এই চুক্তিনামার কোন শর্ত লঙ্ঘন করলে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে লীজ বাতিল করতে পারবেন।

১৭। লীজ গ্রহীতা ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তি নামা সম্পাদন করার পর ইজারাকৃত পুকুর হস্তান্তর করা হবে।
১৮। সরকারের অন্যান্য বিধি বিধান প্রযোজ্য হবে।

(পলাশ কুমার দেবনাথ)
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও

অনুলিপি সদয় অবগতি ও/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঠাকুরগাঁও
৩। উপজেলা নির্বাহী অফিসার,বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও
৪। চেয়ারম্যান,......................(সকল) ইউনিয়ন পরিষদ, বালিয়াডাঙগী, ঠাকুরগাঁও। তাকে এ বিষয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.....................(সকল) এ বিষয়ে ঢোল সহরতসহ বহুল প্রচার করত: ব্যাপক জারি করে জারির প্রতিবেদন নিলাম ডাকের পূর্বেই দাখিলের জন্য বলা হলো এবং নিলামের দিন উপস্থিত থাকার নির্দেশ দেয়া হল।

সহকারী কমিশনার (ভূমি)
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।